গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

সিএ-৩ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

www.mocat.gov.bd

নম্বর: ৩০.০০.০০০০.০২৬.০৬.০০৪.২১-২৯

তারিখ: ১৮ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ / ০২ সেপ্টেম্বর ২০২৬ খ্রি.

## প্রজ্ঞাপন

National Civil Aviation Security Committee (NCASC) এর সুপারিশ মোতাবেক গত ০৩.০৮.২০২৬ তারিখের ২৬ নং স্মারকমূলে পুনর্গঠিত "জাতীয় বেসামরিক বিমান চলাচল নিরাপত্তা কমিটি NCASC কমিটি" নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো:

(ক) **কমিটির গঠন:**

| | |
|---|---|
| ১. মাননীয় মন্ত্রী, বেসামরিক বিমান পরিবহনও পর্যটন মন্ত্রণালয় | - সভাপতি |
| ২. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | - সদস্য |
| ৩. চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ | - সদস্য |
| ৪. সদস্য বা তদুর্ধ্ব পদমর্যাদার প্রতিনিধি, জাতীয় রাজস্ব বোর্ড | - সদস্য |
| ৫. অতিরিক্ত সচিব (বিমান ও সিএ), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | - সদস্য |
| ৬. ব্যবস্থাপনা পরিচালক, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি: | - সদস্য |
| ৭. মহাপরিচালক (পরিচালন ও পরিকল্পনা), সশস্ত্র বাহিনী বিভাগ | - সদস্য |
| ৮. সদস্য (পরিচালনা ও পরিকল্পনা), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ | - সদস্য |
| ৯. সংশ্লিষ্ট মহাপরিচালক, প্রধানমন্ত্রীর কার্যালয় | - সদস্য |
| ১০. রাষ্ট্রাচার প্রধান, পররাষ্ট্র মন্ত্রণালয় | - সদস্য |
| ১১. যুগ্মসচিব বা তদুর্ধ্ব পদমর্যাদার প্রতিনিধি, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | - সদস্য |
| ১২. যুগ্মসচিব বা তদুর্ধ্ব পদমর্যাদার প্রতিনিধি, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | - সদস্য |
| ১৩. অতিরিক্ত মহা পুলিশ পরিদর্শক (বিশেষ শাখা), বাংলাদেশ পুলিশ | - সদস্য |
| ১৪. পরিচালক (বহিস্থ), জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা | - সদস্য |
| ১৫. পরিচালক (কাউন্টার ইন্টেলিজেন্স ব্যুরো), প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর | - সদস্য |
| ১৬. সদস্য (নিরাপত্তা), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ | - সদস্য সচিব |

(খ) **কমিটির কার্যপরিধি:**

(১) বেসামরিক বিমান চলাচলের ক্ষেত্রে নিরাপত্তা হুমকি মোকাবিলায় কৌশলগত ও প্রযুক্তিগত উন্নয়ন, সম্ভাব্য নিরাপত্তা হুমকির বিষয়ে বিভিন্ন উৎস হতে প্রাপ্ত তথ্য ও অন্যান্য বিষয়ের ভিত্তিতে নিরাপত্তা ব্যবস্থার উন্নয়নে প্রয়োজনীয় পরামর্শ/সুপারিশ প্রদান;

(২) জাতীয় বেসামরিক বিমান চলাচল নিরাপত্তা কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল বিভাগ, দপ্তর ও প্রতিষ্ঠানের মধ্যে সমন্বয় নিশ্চিতকরণ;

(৩) জাতীয় বেসামরিক বিমান চলাচল নিরাপত্তা নীতির প্রস্তাব প্রণয়ন ও বিদ্যমান নীতি সংশোধন সম্পর্কিত সুপারিশমালা প্রণয়ন;

(৪) বিমানবন্দরের বিদ্যমান নিরাপত্তা সংক্রান্ত সুযোগসুবিধা বৃদ্ধির লক্ষ্যে আধুনিক যন্ত্রপাতি ও সরঞ্জামাদির সম্প্রসারণ এবং নতুন বিমানবন্দর নির্মাণকালে অবকাঠামোগত নিরাপত্তা সুবিধা প্রবর্তনের বিষয়াদি নিশ্চিতকরণ;

(৫) বিমানবন্দর নিরাপত্তা কমিটিসহ অন্যান্য সংশ্লিষ্ট কমিটির সুপারিশ পর্যালোচনাকরণ;

(৬) বিমান চলাচল নিরাপত্তার ন্যূনতম মান বজায় রাখার নিমিত্ত বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা ও অন্যান্য রাষ্ট্রের সাথে সহযোগিতামূলক সম্পর্ক স্থাপন এবং সামগ্রিকভাবে বিমান চলাচল নিরাপত্তার মান বৃদ্ধিকরণ; এবং

(৭) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কেপিআই সম্পর্কিত নির্দেশনা বিবেচনা সাপেক্ষে জাতীয় বেসামরিক বিমান চলাচল নিরাপত্তা কার্যক্রমের সমন্বয় সাধন এবং সে মোতাবেক পরামর্শ প্রদান।

অ:পৃ:দ্র:

(গ) **এড-হক সদস্য:** কমিটির স্থায়ী সদস্য ব্যতিত সভাকে প্রায়োগিক কৌশল সংক্রান্ত বিশেষজ্ঞ ও অভিজ্ঞ মতামত প্রদানের নিমিত্ত এ কমিটি কর্তৃক অনুমোদিত ব্যক্তি এড-হক সদস্য হিসেবে সভায় অংশগ্রহণ করতে পারবেন।

(ঘ) **প্রায়োগিক কৌশল সংক্রান্ত উপকমিটি:** কোনো নতুন কার্যক্রম, ব্যবস্থা ও বিধানসমূহ পর্যালোচনা এবং এর যথার্থতা যাচাই/পর্যালোচনার নিমিত্ত প্রায়োগিক কৌশল সংক্রান্ত উপকমিটি গঠন করা যাবে।

(ঙ) **সভা আহবান:** সভাপতি বছরে ন্যূনতম ০২ (দুই) বার সভা আহ্বান করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাঃ/-

মোঃ নুরুল হুদা
উপসচিব
ফোন: ০২-৫৫১০০৩৫৫
ই-মেইল: ca3@mocat.gov.bd

নম্বর: ৩০.০০.০০০০.০২৬.০৬.০০৪.২১-২৯(২১)

তারিখ : ১৮ ভাদ্র ১৪৩৩ বঃ / ০২ সেপ্টেম্বর ২০২৬ খ্রিঃ

**অবগতি/সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা;
২। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা;
৪। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, প্লট# এফ ১/এ, আগারগাঁও, শের-এ-বাংলা নগর, ঢাকা-১২১৭;
৫। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬। চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, কুর্মিটোলা, ঢাকা;
৭। ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি:, কুর্মিটোলা, ঢাকা;
৮। মহাপরিচালক (পরিচালন ও পরিকল্পনা), সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা;
৯। সদস্য (পরিচালনা ও পরিকল্পনা), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, কুর্মিটোলা, ঢাকা;
১০। সদস্য (নিরাপত্তা), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, কুর্মিটোলা, ঢাকা;
১১। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ফুলবাড়িয়া, ঢাকা-১০০০;
১২। রাষ্ট্রাচার প্রধান, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা;
১৩। পরিচালক (কাউন্টার ইন্টেলিজেন্স ব্যুরো), প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা;
১৪। পরিচালক (বহিস্থ), জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা, সেগুনবাগিচা, ঢাকা;
১৫। উপপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-১২০৮
**(পরবর্তী গেজেটে প্রকাশ এবং গেজেটের ১০০ (একশত) কপি প্রেরণের অনুরোধসহ);**
১৬। সচিবের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৭। মন্ত্রীর একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা;
১৯। প্রোগ্রামার (আইসিটি সেল), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
**(মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);**
২০। অতিরিক্ত সচিব (বিমান ও সিএ) এর ব্যক্তিগত কর্মকর্তা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা এবং
২১। যুগ্মসচিব (সিএ) এর ব্যক্তিগত কর্মকর্তা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

02.09.2026

মোঃ নুরুল হুদা
উপসচিব